

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২০৯১

পরিচ্ছেদঃ ছাই দিয়ে চিকিৎসা করা।

باب التداوي بالرماد

আরবী

حَدَّتَنَا ابْنُ أَبِي عُمَرَ، حَدَّتَنَا سُفْيَانُ، عَنْ أَبِي حَازِمٍ، قَالَ سُئِلَ سَهْلُ بْنُ سَعْدٍ وَأَنَا أَسْمَعُ، بِأَى شَيْءٍ دُووِيَ جُرْحُ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم فَقَالَ مَا بَقِيَ أَحَدٌ أَعْلَمُ بِهِ مِنِّي كَانَ عَلِيٌّ يَأْتِي بِالْمَاءِ فِي تُرْسِهِ وَفَاطِمَةُ تَغْسِلُ عَنْهُ الدَّمَ وَأُحْرِقَ لَهُ حَصِيرٌ فَحُشِيَ بِهِ جُرْحُهُ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ .

বাংলা

২০৯১. ইবন আবূ উমার (রহঃ) ... আবূ হাযিম (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ সাহল ইবন সা'দ রাদিয়াল্লাহু আনহু-কে জিজ্ঞাসা করা হয়েছিল, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর জখম কি দিয়ে চিকিৎসা করা হয়েছিল? এই সময় আমিও তা শুনছিলাম। তিনি বললেনঃ এই বিষয়ে আমার চেয়ে অধিক জানে এমন কেউ আর নেই। আলী (রাঃ) তাঁর ডালে করে পানি নিয়ে আসছিলেন আর পাতিমা সেই রক্ত ধুয়ে দিচ্ছিলেন। একটি চাটাই জ্বালিয়ে এর ছাই তার জখমে ভরে দেওয়া হয়েছিল। বুখারি, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ২০৮৫ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবু ঈসা তিরমিয়ী (রহঃ) বলেনঃ হাদীসটি হাসান-সহীহ।

English

Abu Hazim said:

"While I was listening, Sahl bin Sa'd was asked: 'What were the wounds of the Messenger of Allah (S.A.W) treated with?' He said: 'None is alive who is more knowledgeable of it than I. 'Ali would come with water in his shield, and Fatimah would use it to wash his blood off, and a mat was burnt for him and his wounds were filled with it(its ashes)."



পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ হাযিম ইবনু দ্বীনার (রহ.)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন